(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
সিনিয়র প্ল্যানারের কার্যালয়
সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট

**স্মারক নম্বর:** ২৫.৪৫.৯১৬২.১০৩.৯৯.০০১.১৮.১০৪

তারিখ: ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **নগর উন্নয়ন অধিদপ্তরের সংস্থা প্রধান চীফ প্ল্যানার/প্রধান পরিকল্পনাবিদ করন এর অনুরোধ প্রসঙ্গে।**

যথাযথ সম্মান পূর্বক উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানার জনাব শাহীন আহম্মেদ " **নগর উন্নয়ন অধিদপ্তরের সংস্থা প্রধান চীফ প্ল্যানার/প্রধান পরিকল্পনাবিদ করন"** বিষয়ে ১টি স্ব-ব্যাক্ষাত আবেদন সচিব মহোদয়ের নিকট প্রেরণের জন্য দাখিল করেছেন। তাঁর আবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো। **বিষয়টি জরুরী।**

সংযুক্তিঃ বর্ণনামতে।

Shaheen Ahmed
১৫-০৪-২০২৪
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ২৫.৪৫.৯১৬২.১০৩.৯৯.০০১.১৮.১০৪/১ (১৩)

তারিখ: ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, উন্নয়ন-২ অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও আহ্বায়ক, নগর উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী খসড়া নিয়োগ বিধিমালা ও অর্গানোগ্রাম প্রণয়নের নিমিও গঠিত কমিটি।;
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-২), প্রশাসন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও সদস্য, নগর উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী খসড়া নিয়োগ বিধিমালা ও অর্গানোগ্রাম প্রণয়নের নিমিও গঠিত কমিটি।;
৩। একান্ত সচিব (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
৪। যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও সদস্য, নগর উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী খসড়া নিয়োগ বিধিমালা ও অর্গানোগ্রাম প্রণয়নের নিমিও গঠিত কমিটি।;
৫। একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
৬। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর;
৭। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
৮। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট;
৯। প্রধান কার্যালয়ের সিনিয়র কর্মকর্তাবৃন্দ;

১০। প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ;

১১। সকল আঞ্চলিক অফিস প্রধান;

১২। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর এবং

১৩। অফিস কপি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।

১৫-০৪-২০২৪
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সিনিয়র প্ল্যানার এর স্ব-ব্যাক্ষাত আবেদন পত্র

(২) 1 সংযুক্তি-১ Allocation of Function

(৩) 2 সংযুক্তি-২ Charter of Duties

(৪) 3 সংযুক্তি-৩ Rules of Business of MoH&PW

(৫) 4 সংযুক্তি-৪ গনপুর্ত ও স্থাপত্যের দপ্তর প্রধান

(৬) 5 সংযুক্তি-৫ বিসি কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন_২৯ আগষ্ট ২০২৩

(৭) 6 সংযুক্তি-৬ BC Commitee টেকনিক্যাল সদস্যদের প্রফেশনাল বডিতে মেম্বারশিপ

(৮) 7 সংযুক্তি-৭ অন্যান্য সংস্থার সাংগঠনিক কাঠামো-জনবল

(৯) 8 সংযুক্তি-৮ অন্যান্য দেশে প্ল্যানিং সংস্থার শীর্ষ পদের নাম

তারিখ: ৬ এপ্রিল ২০২৪

বরাবর
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

**বিষয়ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের সংস্থা প্রধান চীফ প্ল্যানার/প্রধান পরিকল্পনাবিদ করন প্রসঙ্গে।**

সূত্র: নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং: ২৫.৪৫.০০০০.০০২.২৮.০০৪.১৭.১৪, তারিখ: ২৪ জানুয়ারী ২০২৪

**মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।**

মহাত্মন,

যথাবিহিত সম্মানপ্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর দেশের নগর ও অঞ্চল সমুহের ভৌত পরিকল্পনা প্রনয়নের জন্য জাতীয় পর্যায়ের সর্বোচ্চ প্রতিষ্ঠান। কৃষি জমি, জলাশয় ও পরিবেশ রক্ষা সহ ভুমির পরিকল্পিত ব্যবহারের লক্ষ্যে প্রতিষ্ঠালগ্ন হতে এ দপ্তর সারা দেশ-ব্যাপি জেলা, উপজেলা ও অঞ্চল সমুহের ভৌত পরিকল্পনা প্রণয়নের কাজ করে আসছে এবং এসব পরিকল্পনা সমুহ প্রনয়নণে পরিকল্পনাবিদ পেশায় নিয়োজিত পেশাজীবীগন মুখ্য ভুমিকা পালন করে আসছেন।

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান** সোনার বাংলা বিনির্মাণে সারা দেশ-ব্যাপি পরিকল্পনা প্রনয়নের কাজ হাতে নিয়েছিলেন। বঙ্গবন্ধু যথার্থই অনুভব করেছিলেন যে, গ্রাম উন্নয়নে প্রশিক্ষণ ও গবেষণার কোন বিকল্প নাই। গ্রামসমূহকে স্বনির্ভর করার লক্ষ্যে তিনি ১৯৭২-৭৩ সালে নগর উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে **"মডেল ভিলেজ প্রজেক্ট", "স্বাধীন গ্রাম প্রকল্প" এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি অঞ্চলের জনগণের টেকসই জীবনমান উন্নয়নের লক্ষ্যে হাতিয়া, ভৈরব ইত্যাদি প্রত্যন্ত হাওর অঞ্চলের উন্নয়নে উন্নয়ন পরিকল্পনা প্রনয়ণ প্রকল্প গ্রহণ করেছিলেন। একটি স্বাধীন রাষ্ট্রের জন্য অঞ্চলভিত্তিক তথ্য ভান্ডারের প্রয়োজনীয়তা উপলব্ধি করে তিনি** ১৯৭২-৭৩ সালে নগর উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে "Compilation of Information for Establishment of a Data Bank (District wise)" **প্রকল্প গ্রহণ করেছিলেন। তিনি জেলাগুলোর পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়** National Physical Plan **অন্তর্ভুক্ত করেন। এছাড়া তিনি** Regional Plan, Urban Planning **এর আওতায়** District Plan, Development Plans for Municipalities প্রনয়নের **নির্দেশনা প্রদান করেন। এ সকল প্রকল্প প্রণয়ণ ও বাস্তবায়নে তিনি পরিকল্পনাবিদদের প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলেন। তিনি অনুভব করেছিলেন যে, সোনার বাংলা প্রতিষ্ঠিত করতে হলে সমগ্র দেশের পরিকল্পিত উন্নয়নের প্রয়োজন এবং এ লক্ষ্যে তিনি পরিকল্পনাবিদদের যথাযথভাবে কাজে লাগানোর জন্য পরিকল্পনাকে একটি পেশা হিসেবে স্বীকৃতি** দেয়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। ফলে, **বঙ্গবন্ধুর** শাসনামলেই **১৯৭৪ সালে নগর উন্নয়ন অধিদপ্তরের জন্য একটি** সাংগঠনিক কাঠামো **প্রণিত হয় যা বর্তমানে** কার্যকর **আছে।** উক্ত সাংগঠনিক কাঠামোতে **নগর উন্নয়ন অধিদপ্তরের প্রবেশ পদ হতে শীর্ষ পদে পরিকল্পনাবিদদের অন্তর্ভুক্ত করা** আছে । **বঙ্গবন্ধুই মূলত সমগ্র বাংলাদেশে পরিকল্পনা পেশার বিস্তার ঘটানোর স্বপদ্রষ্টা ছিলেন। যার ফলশ্রুতিতে পরবর্তীতে দেশের সাতটি বিশ্ববিদ্যালয়ে নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে** স্নাতক সহ ক্ষেত্র বিশেষে স্নাতকোত্তর ডিগ্রী চালু করা হয়েছে এবং প্রতি বছরই বিপুল সংখ্যক



Daleen

গ্র্যাজুয়েট সহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রীধারী পরিকল্পনাবিদ নগর ও অঞ্চল পরিকল্পনা পেশায় যুক্ত হওয়ার সুযোগ তৈরি হয়েছে।

বর্তমানে নগর উন্নয়ন অধিদপ্তরে নিয়োগবিধি এবং সাংগঠনিক কাঠামো/ অর্গানোগ্রাম রিভাইজ করার কাজ চলছে। অথচ ১ নং সূত্রের স্মারকের মাধ্যমে গত ২৪ জানুয়ারী ২০২৪, নগর উন্নয়ন অধিদপ্তরের সংস্থা প্রধান এর পদবী "পরিচালক" এর পরিবর্তে "মহাপরিচালক" করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে যা **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর** সোনার বাংলা বিনির্মাণে সারা দেশ-ব্যাপি পরিকল্পনা প্রনয়নের জন্য বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ এর সাথে মোটেই যুক্তিযুক্ত নয়। বরঞ্চ **নগর উন্নয়ন অধিদপ্তরের সংস্থা প্রধান চীফ প্ল্যানার/প্রধান পরিকল্পনাবিদ** করা হলে **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর** সোনার বাংলা বিনির্মাণে সারা দেশ-ব্যাপি পরিকল্পনা প্রনয়নের কাজের যোগ্য নেতৃত্বদানকারী টেকনিক্যাল কর্মকর্তা পাওয়া যাবে এবং পরিকল্পিত সোনার বাংলা বিনির্মাণ সম্ভবপরঃ হবে।

আমি নিম্নে **নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ প্রধান পরিকল্পনাবিদ বা চীফ প্ল্যানার করার যুক্তিকতা এবং দাবী আপনার সু-বিবেচনার জন্য পেশ করলামঃ**

১। নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ প্রধান পরিকল্পনাবিদ হলে তিনি অধিদপ্তরের Allocation of Function এর ৮ (আট) টি কাজ **(সংযুক্তি-১ সদয় দ্রষ্টব্য)** তাঁর প্ল্যানিং ডিগ্রী (মাস্টার অব আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং) এবং প্ল্যানিং এর দীর্ঘ দিনের কর্ম অভিজ্ঞতার (২০ বৎসরের অধিক) আলোকে দক্ষ এবং সুচারুভাবে সম্পন্ন করতে পারবেন।

পক্ষান্তরে, প্ল্যানিং ডিগ্রী এবং প্ল্যানিং এর কাজের অভিজ্ঞতাবিহীন নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ **"মহাপরিচালক" হলে তিনি অধিদপ্তরের Allocation of Function এর ৮ (আট) টি কাজের মধ্যে প্ল্যানিং সম্পর্কিত Function No. a, b, d, e, f এবং h দক্ষতা এবং সুচারুভাবে সম্পন্ন করতে পারবেন না।**

২। নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ প্রধান পরিকল্পনাবিদ হলে তিনি অধিদপ্তরের Charter of Duties এর Chief Planner এর ২০ (বিশ) টি কাজ **(সংযুক্তি-২ সদয় দ্রষ্টব্য)** তাঁর প্ল্যানিং ডিগ্রী (মাস্টার অব আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং) এবং প্ল্যানিং এর দীর্ঘ দিনের কর্ম অভিজ্ঞতার (২০ বৎসরের অধিক) আলোকে দক্ষ এবং সুচারুভাবে সম্পন্ন করতে পারবেন এবং অধিনস্থদের অনুরুপ কাজ সম্পাদনে টেকনিক্যাল দিক নির্দেশনা প্রদান এবং অগ্রগতি মনিটরিং করতে পারবেন।

পক্ষান্তরে, **নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ "মহাপরিচালক" হলে তিনি কোনভাবেই Charter of Duties এর Chief Planner এর ২০ (বিশ) টি কাজ এর মধ্যে কার্যাবলী নং ২, ৪, ৫, ৯, ১২, ১৩, ১৫ এবং ২০- এই ৮ (আট) টি কাজ প্ল্যানিং ডিগ্রী (মাস্টার অব আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং) এবং প্ল্যানিং এর দীর্ঘ দিনের কর্ম অভিজ্ঞতা ছাড়া কোনভাবেই পরিচালনা করতে পারবেন না এবং এটা সম্ভবপরঃও নয়।**

৩। **নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ "প্রধান পরিকল্পনাবিদ" হলে** টেকনিক্যাল দপ্তরের প্রধান হিসেবে টেকনিক্যাল নাম এবং যোগ্যতার অধিকারী হয়ে দেশ/বিদেশের বিভিন্ন অনুষ্ঠিতব্য বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়াম এ দেশ এবং সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধিত্বের ক্ষেত্রে সম্মান ও মর্যাদা বজায় রাখা সম্ভবপরঃ হবে।

তাছাড়া Rules of Business of MoH&PW 2017 এর Rule 17 এবং Rule 24 **অনুসারে দেশ ও মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করা যুক্তিযুক্ত হবে (সংযুক্তি-৩ সদয় দ্রষ্টব্য)।**

৩। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন ৩ (তিন) টি অধিদপ্তর আছে যথাক্রমে গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর এবং নগর উন্নয়ন অধিদপ্তর। এই ৩ (তিন) টি দপ্তরই টেকনিক্যাল যেখানে টেকনিক্যাল বিশ্ববিদ্যালয় হতে টেকনিক্যাল ডিগ্রীধারীরা কর্মরত আছেন। **টেকনিক্যাল দপ্তরের সর্বোচ্চ পদ টেকনিক্যাল নামধারী হওয়াই যুক্তিযুক্ত। যেমন গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, স্থাপত্য অধিদপ্তরের প্রধান স্থপতি, তদ্রুপ নগর উন্নয়ন অধিদপ্তরের জন্য প্রধান পরিকল্পনাবিদ (সংযুক্তি-৪ সদয় দ্রষ্টব্য)।** এর ফলে গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর তথা অন্যান্য টেকনিক্যাল দপ্তরের সাথে সমতা ভিত্তিক সাংগঠনিক কাঠামোর একটি সোপান সৃষ্টি হবে।

**উল্লেখ্য, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ কোন অধিদপ্তরের সর্বোচ্চ পদ "মহাপরিচালক" হিসেবে নাই।**

৪। গেটেভুক্ত Bangladesh National Building Code 2020 (BNBC 2020) এর আওতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সারা দেশের জন্য **BC (Building Construction) কমিটি** গঠন করেছে **(সংযুক্তি-৫ সদয় দ্রষ্টব্য)** যার কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়ে গেছে। উক্ত কমিটিতে ৩ (তিন) জন সদস্যকে **অত্যাবশ্যকীয় টেকনিক্যাল সদস্য** হিসেবে চিহ্নিত করা আছে যারা হচ্ছেন গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, স্থাপত্য অধিদপ্তরের স্থপতি এবং নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনাবিদ। এই প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ২ (জ) এ নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনাবিদকে একজন কারিগরি পেশাজিবি হিসেবে আখ্যায়িত করা হয়েছে। টেকনিক্যাল কমিটির এই তিন জন সদস্যদের টেকনিক্যাল ডিগ্রী এবং প্রফেশনাল বডিতে (IEB, IAB এবং BIP) মেম্বারশিপ থাকা বাধ্যতামূলক **(সংযুক্তি-৬ সদয় দ্রষ্টব্য)** । **টেকনিক্যাল কমিটির অপরাপর সদস্যদের নিজ দপ্তর যথাক্রমে গনপুর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তর এর সর্বোচ্চ পদ যথাক্রমে প্রধান প্রকৌশলী এবং প্রধান স্থপতি। সেই হিসেবে টেকনিক্যাল দপ্তর নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ "প্রধান পরিকল্পনাবিদ" হওয়া বান্ছনীয়** যেহেতু তিনটি টেকনিক্যাল দপ্তরই একই মন্ত্রণালয় (গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়) অধীন।

৫। **"মহাপরিচালক" পদটি উন্নয়ন কর্তৃপক্ষের সর্বোচ্চ পদ এর সাথে অধিক সামঞ্জস্যপুর্ণ যেখানে মহাপরিচালক/চেয়ারম্যান এর অধীন একাধিক সদস্যদের মাধ্যমে বিভিন্ন টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল পদ বিন্যাস্ত থাকে এবং যেখানে প্ল্যানিং এর পাশাপাশি অত্যাবশ্যকীয়ভাবে উন্নয়ন কার্যক্রম থাকে।** উদাহরণস্বরুপঃ RAJUK, KDA, CDA, RDA, CoxDA, NHA, Gazipur DA এবং HBRI এর সাংগঠনিক কাঠামো দেখা যেতে পারে **(সংযুক্তি-৭ সদয় দ্রষ্টব্য)**।

ফলে, নগর উন্নযন অধিদপ্তরের সর্বোচ্চ পদ "মহাপরিচালক" হলে তার অধীনে Wing থাকবে কেবলমাত্র ১টি অর্থাৎ Chief Planner এবং তাঁর অধীন নগর উন্নয়ন অধিদপ্তরের পুরো সাংগঠনিক কাঠামোর জনবল। **এটি গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের মহাপরিচালক পদ এবং পদের মর্যাদা ও কার্যাবলীর সাথে সাদৃশ্যপুর্ন হবে না।**

৬। সমসাময়িক অন্যান্য টেকনিক্যাল দপ্তরে (গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে) একজন প্রকৌশলী, সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করে তার চাকুরীজীবনে ধাপে ধাপে পদোন্নতির মাধ্যমে দপ্তেরর শীর্ষ পদ প্রধান প্রকৌশলী পদে আসীন হতে পারে। তদ্রুপ নগর উন্নয়ন অধিদপ্তরের বর্তমান নিয়োগবিধি ও সাংগঠনিক কাঠামো অনুযায়ী একজন প্ল্যানার প্রবেশ পদে

যোগদান করে তার চাকুরীজীবনে ধাপে ধাপে পদোন্নতির মাধ্যমে দপ্তেরর শীর্ষ পদে আসীনের সংস্থান রয়েছে। **নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ "মহাপরিচালক" হলে দপ্তরের সাংগঠনিক কাঠামোতে পদোন্নতির মাধ্যমে নিম্নস্থ পদসমুহ হতে** দপ্তরের শীর্ষ পদে পদোন্নতির ধারাবাহিকতা ক্ষুন্ন হবে।

৭। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোটি কোটি টাকা খরচ করে পর্যায়ক্রমে দেশের সাতটি বিশ্ববিদ্যালয়ে নগর ও অঞ্চল পরিকল্পনায় স্নাতক সহ ক্ষেত্র বিশেষে স্নাতকোত্তর চালু করা করেছে এবং প্রতি বছর বিপুল সংখ্যক গ্র্যাজুয়েট সহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রীধারী পরিকল্পনাবিদ নগর ও অঞ্চল পরিকল্পনা পেশায় যুক্ত হয়ে তাদের শিক্ষা ও মেধার বাস্তব প্রয়োগের জন্য অপেক্ষামান রয়েছেন। ফলে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও পরিকল্পনা পেশায় অভিজ্ঞ পরিকল্পনাবিদ থাকা সত্তেও নগর উন্নয়ন অধিদপ্তরের শীর্ষ পদ মহা পরিচালক করা হলে পরিকল্পনা প্রণয়নকারী প্রতিষ্ঠান হিসেবে নগর উন্নয়ন অধিদপ্তরে **চাকুরী নেয়ার প্রতিযোগিতায় ৭টি বিশ্ব বিদ্যালয় হতে পাশ করা পরিকল্পনাবিদরা আসতে নিরুৎসাহিত হবে।**

৮। বাংলাদেশ ও বহির্বিশ্বে নগর পরিকল্পনা একটি কারিগরী পেশা হিসেবে সুপ্রতিষ্ঠিত। উন্নত দেশের পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত প্রতিষ্ঠান সমুহের সাংগঠনিক কাঠামো পরিকল্পনাবিদদের প্রাধান্য দিয়েই করা হয় এবং সেখানে প্রবেশ পদ হতে শীর্ষ পদ সমুহ পরিকল্পনাবিদদের মধ্য হতে নিয়োগ দেয়া হয়। উদাহরণস্বরুপ পাশ্ববর্তী দেশ ভারতে Urban Development Ministry আছে যেখানে নগর উন্নয়ন অধিদপ্তরের মতো Town and Country Planning Organization আছে যার দপ্তর প্রধান হচ্ছেন "Chief Planner"। অন্যান্য দেশে "মহাপরিচালক" পদটি কেবলমাত্র Development Authority এর ক্ষেত্রে ব্যবহার করার দৃষ্টান্ত আছে **(সংযুক্তি-৮ সদয় দ্রষ্টব্য)**। সেই হিসেবেও নগর উন্নয়ন অধিদপ্তরের সর্বোচ্চ পদ "প্রধান পরিকল্পনাবিদ" হওয়া অধিক যুক্তিযুক্ত।

এমতাবস্থায় পরিকল্পিত ও টেকসই বাংলাদেশ বিনির্মাণে ও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিনত করতে দেশের নগর ও অঞ্চলের পরিকল্পনা প্রণয়নকারী সর্বোচ্চ প্রতিষ্ঠান নগর উন্নয়ন অধিদপ্তরের শীর্ষ পদ চীফ প্ল্যানার/প্রধান পরিকল্পনাবিদ করা অত্যাবশ্যক।

অতএব মহোদয়ের নিকট আকুল আবেদনে এই যে, উপরোক্ত বিষয় সমুহ বিবেচনা করে নগর উন্নয়ন অধিদপ্তরে নিয়োগবিধি এবং সাংগঠনিক কাঠামো/ অর্গানোগ্রাম রিভাইজ করার ক্ষেত্রে নগর উন্নয়ন অধিদপ্তরের শীর্ষ পদ চীফ প্ল্যানার/প্রধান পরিকল্পনাবিদ করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বিনীত আজ্ঞা হয়।

সংযুক্তি: বর্ণনামতে।

বিনীত
আপনার একান্ত অনুগত

Shaheen Ahmed 06/04/2024

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস
তোপখানা, সিলেট-৩১০০

Attachment: 01

For official use only

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

# REPORT OF THE
## MARTIAL LAW COMMITTEE
## ON
## ORGANISATIONAL SET UP

## PHASE II

(DEPARTMENTS/DIRECTORATES AND OTHER ORGANISATIONS UNDER THEM)

## VOLUME XV

(MINISTRY OF WORKS)

## CHAPTER VI

(URBAN DEVELOPMENT DIRECTORATE)

*June, 1983*

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

CHIEF MARTIAL LAW ADMINISTRATOR'S SECRETARIAT

**Martial Law and Civil Wing.**

*No. 7002/1/Civ-I, dated Dhaka, the........19..XI.....1983.*

NOTIFICATION

SUBJECT: **Organisational set up—Ministries/Divisions/Departments and other organisations under them.**

*Reference* :

A. **Chief Martial Law Administrator's Secretariat letter No. 7005/1/Civ/CMLA, dated 18 April, 1982.**

B. **Chief Martial Law Administrator's Secretariat letter No. 7002/1/Civ-I, dated 12 July, 1982.**

The report of the Martial Law Committee on organisational set up of the URBAN DEVELOPMENT DIRECTORATE, MINISTRY OF WORKS, was submitted to the Chief Martial Law Administrator after consideration by the Review Committee in consultation with the representative of the organisation concerned.

The Chief Martial Law Administrator is pleased to approve the report and the revised organisational set up as printed in this booklet.

By order of the
Chief Martial Law Administrator

M. ATIQUR RAHMAN
MAJOR GENERAL
*Principal Staff Officer.*

## CONTENTS


| | | PAGE. |
|---|---|---|
| 1. Introduction | .. .. .. | 1 |
| 2. Allocation of Functions | .. .. .. | 1 |
| 3. Existing Organisation | .. .. .. | 2 |
| 4. Charter of Duties | .. .. .. | 2 |
| 5. Work-Load | .. .. .. | 2 |
| 6. Other Details | .. .. .. | 3 |
| 7. Observations and Recommendations | .. .. .. | 3 |
| 8. Conclusion | .. .. .. | 4 |


ANNEXURES


| | | | | |
|---|---|---|---|---|
| 1. Existing Organisation | .. | Annexure | 'A' | 5 |
| 2. Charter of duties | .. | Annexure | 'B' | 7 |
| 3. State of Class-I Officers | .. | Annexure | 'C' | 11 |
| 4. State of Transports | .. | Annexure | 'D' | 13 |
| 5. Revised Organisation | .. | Annexure | 'E' | 15 |

## URBAN DEVELOPMENT DIRECTORATE
## MINISTRY OF WORKS

### INTRODUCTION

1. In the back drop of a rapid urbanization associated with population increase and economic development in the early sixties, it was keenly felt that a regional and central urban planning office was to be created. Accordingly, the Urban Development Directorate was created in July, 1965.

### ALLOCATION OF FUNCTIONS

2. The functions allocated to the Urban Development Directorate are given bellow :

a. To advise the Government on matters of policy relating to urbanization, land use and land development.

b. To prepare and co-ordinate regional plans, master plans and detailed layout and site plans for the existing as well as the new urban centres excluding the areas covered by the present town development authorities of Dhaka, Chittagong and Khulna.

c. To undertake socio-economic research and collection of data for determination of the location and pattern of future urban development.

d. To prepare programmes for urban development for execution by the sectoral agencies and secure approval of those from the National Council and assist the agencies in selection of sites for implementation of those programmes.

e. To act as a counterpart organisation and focal point in the Government for all internationally aided physical planning and human settlement programmes in the country.

f. To organise seminars/workshops for creating better physical planning awareness and to disseminate information through regular publication of the research and planning materials on urbanization and human settlement planning and development.

g. To conduct in-service training of the officers and staff of organisations involved in spatial planning and development.

h. To advise the existing urban development authorities on their operations at their request.

Attachment: 02



ANNEXURE 'B'
Phase II, Vol. XV,
Chapter VI.

## CHARTER OF DUTIES

**Director.**

1. To act as administrative head and is responsible for overall administration of the Directorate.
2. To act as an adviser to the administrative Ministry on technical matters and on formulation of policies concerning the Directorate.
3. To co-ordinate between the Departments of the Government and the Autonomous bodies who prepare and execute development projects related to human settlements and implement them.
4. To prepare and to formulate schemes and projects on urban and regional planning, area development, environmental improvements and upgradation of low-income settlements, Thana Centre Planning etc. throughout the country with the help of the Deputy Directors under him.
5. To render advisory services to different Government/Autonomous bodies, *viz*., as member Central Land Allocation Committee, member WASA, member Curriculum Committee of the Bangladesh University of Engineering and Technology, etc.
6. To act as Principal Accounting Officer of the Directorate within the budget provision.
7. To be responsible for the administration and execution of function of the Directorate as per Acts, Ordinance, Rules and Regulations and Directives issued by the Government from time to time.
8. To be responsible for proper functioning and discipline of the Directorate.
9. To provide executive and operational guidance to the field staff and exercise control and supervision over them.
10. To be responsible for appointing Class II, III and IV employees of the Directorate as per existing procedure.
11. To be responsible for issuing clear standing orders as per rules laying down the maximum extent of delegation of powers to the officers serving under him.
12. To control and supervise the work of the Directorate.

13. To represent the Directorate and where personal representation is not possible to select representative on his behalf.

14. To grant earned leave etc. to all Class-I Officers under him.

15. To meet all officers under him located in the same station once in a month to review cases pending for disposal for over a month.

16. To inspect his office at least once in a month and field offices at least once in a quarter in addition to annual inspection.

17. To allocate duties of officers as and when required.

18. Ensure revenue collection where applicable and safe guard Government property under his charge.

19. To be responsible for maintaining proper security measures of the Directorate.

20. Any other duties assigned by the Government.

**Deputy Director (Physical Planning)**

1. To guide and supervise the works of the Senior Planners under him in preparing master plans/land use plans of various settlements at district, subdivision and thana levels.
2. To supervise detail planning activities of the Directorate including site planning, layout planning etc.
3. To be overall incharge of the store of the Directorate.
4. To be the head of the Survey pool of the Directorate.

**Deputy Director (Research and Co-ordination)**

1. To assist the Director in matters of research and co-ordination of Urban/Regional Planning activities.
2. To assist the Director in execution of the aided projects of the Directorate and for monitoring and evaluation of such projects.
3. To guide and supervise the works of the Senior Planners under him.
4. To conduct in-service training to the officers and staff of the organizations involved in physical planning and services.
5. To organise/initiate seminars/workshops and to disseminate physical planning information through regular publications of research on human settlement planning and development.
6. To be overall in-charge of the Planning Cell of the Directorate.

Attachment: 03

# ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS (Schedule I of the Rules of Business, 1996)

(Revised up to April 2017)

CABINET DIVISION
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

# ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS
## (Schedule I of the Rules of Business, 1996)

**(Revised up to April 2017)**

CABINET DIVISION
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

## LIST OF MINISTRIES AND DIVISIONS


| | | Pages |
|---|---|---|
| 1. | President's Office : | |
| | A. Public Division .. .. | 1 |
| | B. Personal Division .. .. | 1—2 |
| 2. | Prime Minister's Office .. .. | 3 |
| 3. | Armed Forces Division .. .. | 4 |
| 4. | Cabinet Division .. .. | 5—6 |
| [1][ 5 | * * * ] | |
| [2][6. | Ministry of Chittagong Hill Tracts Affairs] .. | 7 |
| [3][7. | Ministry of Primary and Mass Education] .. | 8—9 |
| 8. | Ministry of Agriculture .. .. | 10 |
| 9. | Ministry of Civil Aviation and Tourism .. .. | 11 |
| 10. | Ministry of Commerce .. .. | 12 |
| [4][11. | Ministry of Road Transport and Bridges .. .. | |
| | A. Road Transport and Highways Division ] .. .. | 13 |
| | B. Bridges Division .. .. | 14 |
| 12. | Ministry of Cultural Affairs .. .. | 15 |
| 13. | Ministry of Defence .. .. | 16—17 |
| [5][14. | Ministry of Food | 18 |
| [6][15. | Ministry of Education .. .. | |
| | A. Secondary and Higher Education Division .. .. | 19—20 |
| | B. Technical and Madrasah Education Division] .. .. | 21—22 |
| [7][16. | Ministry of Power, Energy and Mineral Resources | |
| | A. Power Division .. .. | 23 |
| | B. Energy and Mineral Resources Division] .. .. | 24 |
| 17. | Ministry of Environment and Forest .. .. | 25 |


*Note*

1. "Election Commission Secretariat" heading & its entries deleted vide S.R.O. No. 319-Law/2008-CD-4/2/2007-Rules, Dated 25 November 2008.
2. Amended *vide* Cabinet Division Notification No. CD-4/2/97-Rules/69, Dated 29 June 2000.
3. Amended *vide* Cabinet Division Notification No. CD-4/2/2001-Rules(Part-2)/01, Dated 02 January 2003.
4. Amended *vide* S. R. O. No. 228-Law/2014 Dated 03 September 2014.
5. Amended *vide* Cabinet Division Notification No. 96, Dated 13 September 2012 & S. R. O. No. 320-Law/2012, Dated 13 September 2012.
6. Amended *vide* Cabinet Division Notification No. 120, Dated 30 November 2016 & S. R. O No. 359-Law/2016, Dated 01 December 2016.
7. Amended *vide* Cabinet Division Notification No.CD-4/1/94-Rules(Part-2)/58, Dated 15 May 2001.

| | | Pages |
|---|---|---|
| [1][18. | Ministry of Public Administration] : .. .. | 26—28 |
| | (A) Bangladesh Public Service Commission Secretariat | 29 |
| 19. | Ministry of Fisheries and Livestock .. .. | 30—31 |
| [2][20. | Ministry of Finance : | |
| | A. Finance Division .. .. | 32—34 |
| | B. Economic Relation Division .. .. | 35—36 |
| | C. Internal Resources Division .. .. | 37 |
| | [3][D. Financial Institutions Division] .. | 38 |
| 21. | Ministry of Foreign Affairs .. .. | 39—40 |
| [4][22. | Ministry of Health and Family Welfare .. .. | |
| | A. Health Services Division .. .. | 41—43 |
| | B. Medical Education and Family Welfare Division] .. .. | 44—45 |
| [5][23. | Ministry of Home Affairs .. .. | |
| | A. Public Security Division .. .. | 46—47 |
| | B. Security Services Division] .. .. | 48 |
| 24. | Ministry of Housing and Public Works .. .. | 49—50 |
| 25. | Ministry of Industries .. .. | 51—52 |
| 26. | Ministry of Information .. .. | 53—54 |
| [6][27. | Ministry of Textiles and Jute] .. .. | 55—56 |
| [7][28. | Ministry of Labour and Employment] .. .. | 57—58 |
| [8][29. | Ministry of Law, Justice and Parliamentary Affairs .. | |
| | A. Law and Justice Division .. .. | 59—60 |
| | B. Legislative and Parliamentary Affairs Division | 60—61 |
| | C. Parliament Secretariat] | 62 |
| 30. | Ministry of Land .. .. | 63—64 |
| 31. | Ministry of Local Government, Rural Development and Co-operatives : | |
| | A. Local Government Division .. .. | 65 |
| | B. Rural Development and Co-operatives Division .. | 66 |


*Note:-*

1. Amended *vide* Cabinet Division's Notification No.43, Dated 28 April 2011.
2. Amended *vide* S.R.O. No. 7-Law/2010-CD-4(6)/2009, Dated 06 January 2010.
3. Amended *vide* S.R.O. No. 98-Law/2017, Dated 25 April 2017.
4. Amended *vide* S. R. O. No. 61-Law/2017, Dated 16 March 2017 & S. R. O. No. 62-Law/2017, Dated 16 March 2017
5. Amended *vide* S. R. O. No. 14-Law/2017, Dated 19 January 2017 & S. R. O No. 15-Law/2017, Dated 19 January 2017
6. Amended *vide* S. R. O. No. 82-Law/2008-CD-4/4/2008-Rules, Dated 31 March 2008 & No. CD-4/5/2003-Rules/42 Dated 06 May 2004.
7. Amended *vide* Cabinet Division Notification No. CD-4/2/2001-Rules/156, Dated 20 December 2001 & S.R.O. No. 231-Law/2008-CD-4/5/2008-Rules, Dated 24 July 2008.
8. Amended *vide* S.R.O. No. 273-Law/2009-CD-4(1)/2009-Rules, Dated 23 December 2009.

## [1][24]. MINISTRY OF HOUSING AND PUBLIC WORKS

1. Construction and maintenance of public works and buildings (except the works and buildings of the Telegraph and Telephone Board, Post Office Department, R. and H. and Railway).

2. Disposal, acquisition, relinquishing, leasing and licensing of all Government lands and buildings under its control.

3. Development and maintenance of public works and arboriculture in areas under its control.

4. Procurement of materials and implements required for construction work by this Ministry.

5. Research on housing, buildings, construction materials and techniques.

6. Fixation and recovery of rent of Government owned and hired buildings under its control.

7. Erection of monuments of national importance and their maintenance.

8. Formulation of housing policy and programmes.

9. Construction of public housing.

10. Settlement and management of housing estate.

11. Providing architectural services to Housing and Building projects of Government, Public Sector Agencies and assisting different Agencies of Government on architectural and planning issues.

12. Town Development in specific cities.

13. Administration of the Building Construction Act for the control of the various Urban Development Authorities under this Ministry.

14. Slum clearance of areas under this Ministry.

---

*Note:* [1]Amended *vide* S.R.O. No. 231-Law/2008-CD-4/5/2008-Rules, dated 24 July 2008.

15. Providing office accommodation of Ministries/Divisions/Departments subject to availability.

16. Providing residential accommodation of government officials subject to availability.

17. Dealing with the matters relating to the NCHS (Habitat).

18. Administration of B.C.S. (Public Works).

19. All matters relating to construction, repair and maintenance of morgues.

20. Control, management and disposal of abandoned property buildings.

21. Secretariat administration including financial matters.

22. Administration and control of subordinate offices and organisations under this Ministry.

23. Maintenance and control of Uttara Ghanabhaban at Natore.

24. Liaison with International Organisations and matters relating to treaties and agreements with other countries and world bodies relating to subjects allotted to this Ministry.

25. All laws on subjects allotted to this Ministry.

26. Inquires and statistics on any of the subjects allotted to this Ministry.

27. Fees in respect of any of the subjects allotted to this Ministry except fees taken in courts.